



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd



সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ১১-০৯-২০২৩

প্রতিরক্ষা অর্থ বিভাগ (ডিএফডি) কর্তৃক প্রদত্ত সেবার মান আরো সুসংহতকরণ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা, ১১ সেপ্টেম্বর: "প্রতিরক্ষা অর্থ বিভাগ (ডিএফডি) কর্তৃক প্রদত্ত সেবার মান আরো সুসংহতকরণ-আমাদের করণীয়" শীর্ষক আলোচনা সভা রবিবার (১০-৯-২০২৩) বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) এর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) জনাব মোঃ নূরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সিএজি জনাব মোঃ নূরুল ইসলাম তাঁর বক্তব্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করে আন্তরিকতা এবং নিষ্ঠার সাথে সন্মানিত সেবাগ্রহীতাগণকে সেবা প্রদানের মাধ্যমে সেবার মান আরও বৃদ্ধি এবং প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রতিরক্ষা অর্থ বিভাগ (ডিএফডি) সহ নিরীক্ষা ও হিসাব বিভাগকে একটি আধুনিক, স্মার্ট ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (একাউন্টস এন্ড রিপোর্ট) জনাব এস এম রেজভী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কম্পট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স জনাব মোহাম্মদ গোলাম হরওয়ার ভূঞাসহ প্রতিরক্ষা অর্থ বিভাগের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮